



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মুক্তমঞ্চ স্থাপন প্রসঙ্গে



১৫ অক্টোবর, ২০১৯-মঙ্গলবার নাট্যকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. মো. কামালউদ্দিন খান শিক্ষার্থীবৃন্দ সহ উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মুক্তমঞ্চ স্থাপন প্রসঙ্গে আলোচনা করেন। এই প্রেক্ষিতে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবন সংলগ্ন মাঠে মুক্তমঞ্চ স্থাপন প্রসঙ্গে অভিব্যক্তি প্রকাশ করেন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন।

উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ে নাট্যচর্চা এবং বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ড বাস্তবায়নে এরকম একটি মঞ্চ স্থাপন করা আবশ্যিক। মুক্তমঞ্চ স্থাপন করার ফলে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক চর্চার পথ আরও একধাপ এগিয়ে যাবে।